



অনুলিপি প্রদানের তারিখ	এটিমেট দেওয়ার তারিখ	স্বাক্ষর মোহাম্মদ আবদুল হালিমের তারিখ	অনুলিপি পত্রের তারিখ	অনুলিপি প্রদানের তারিখ
০৫/০৯/২৫	৫/৯/২৫	৫/৯/২৫	০৫/৯/২৫	০৫/৯/২৫

আদেশনামা।

কোর্ট ফি ০৫
কমিসারি

জেলা-ঢাকা।

হুজুরগারি
বোন ফুলমাঝরক
০৫/৯/২৫

মোকাম:- সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ঢাকা।

উপস্থিত : মোহাম্মদ আবদুল হালিম
বিচারক(সিনিয়র জেলা ও দায়রা জজ)
সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ঢাকা।

সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল মামলা নং-৭৮/২০১৯,

কলাবাগান থানার মামলা নং-১৫(০৮)১৭,

জি.আর মামলা নং-১২২/১৭,

রাষ্ট্র -----বাদী।

-বনাম-

তানভীর ইয়াছির করিম -----আসামী।

ক্রমিক নং-৬৮, আদেশের তারিখ:-০৫/০১/২০২৬,

অদ্য সাক্ষীর জন্য দিন ধার্য আছে। অত্র মামলার আসামী ১১ জন। আসামী ১।

তাজরিম খানম শুভ, ২। নব মুসলিম আব্দুল্লাহ এবং ৩। নাজমুল হাসান মামুন এর

বিজ্ঞ কৌসুলী একখানা দরখাস্ত দাখিলক্রমে সময়ের আবেদন করেন।

“দেশপ্রেমের শপথ বিন, দুর্নীতিকে বিদায় দিন”



২

আসামী ৪। আব্দুল্লাহ আইচান কবিরাজ, ৫। মোঃ কামরুল ইসলাম শাকিল, ৬। আকরাম হোসেন খান নিলয়, ৭। তারেক মোহাম্মদ আদনান ৮। তানভীর ইয়াছির করিম, ৯। সাদিয়া হোসনা লাকী, ১০। আবুল কাশেম ফকির, ১১। হুমায়রা জাকির নাবিলা হাজির। সাক্ষীর হাজির নাই।

আসামীপক্ষের বিজ্ঞ আইনজীবী ফৌ: কা: বিধি আইনের ২৬৫(এইচ) ধারায় একটি দরখাস্ত দাখিল করে। এই মর্মে শুনানী করেন যে, তৎকালীন ফ্যাসিস্ট সরকারের সময়ে রাজনৈতিক কারণে অহেতুক অত্র মামলাটি দায়ের করা হয়েছে। তিনি আরো নিবেদন করেন যে, তৎকালীন আইজিপি শহিদুল হক তার লিখিত বই এ উল্লেখ করেন যে, তৎকালীন সরকার প্রধান তাকে এই মর্মে বলেন যে, ৩২ এর এতো কাছে ঘটনাটি না ঘটালেও পারত। উল্লেখ্য এই আলোচিত আইজিপি শহিদুল হক সরকার পরিবর্তনের পরে বর্তমানে মানবতা বিরোধী অপরাধে বিচারের সম্মুখিন এবং তিনি জেল হাজতে আছেন। এ সকল বিষয় বিবেচনায় নিলে মামলাটির সত্যতা নিয়ে গভীর সন্দেহ থেকে যায়। ২০১৭ সালে অত্র মামলা দায়ের পরে চার্জ হয় ১৩/০১/২০২১ সালে চার্জ গঠন

হয়। এই দীর্ঘ সময়ে একজন মাত্র সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করা হয়।
“দেশপ্রেমের শস্য নিল, দুর্নীতিকে বিদায় দিন”



৩

বাদীর প্রদত্ত জবানবন্দি পর্যালোচনায় দেখা যায় যে, একমাত্র ভিকটিম আত্মঘাতি বোমা হামলায় মারা গিয়েছে। ডিসি মারুফ মামলা দায়ের করতে বলায় বাদী মামলা দায়ের করেছে। অধিকন্তু নথি পর্যালোচনায় দেখা যায় যে, আসামীরা সকলেই বিগত ফ্যাসিস্ট সরকার বিরোধী নেতাকর্মী। বাংলাদেশের রাজনৈতিক সংস্কৃতিতে দেখা যায় যে, সরকার বিরোধী কর্মসূচী আহবান ও পালনে ক্ষমতাসীনরা বাধা দেয় এবং মামলা দিয়ে ক্ষমতা টিকিয়ে রাখতে চায়। আলচ্য মামলার ক্ষেত্রে এমনটি হয়েছে বলে অত্র আদালত দৃঢ়ভাবে বিশ্বাস করে।

রাষ্ট্রপক্ষের বিজ্ঞ পি.পি গুনানীকালে দৃঢ়ভাবে কোন বিরোধীতা করে নাই।

আসামীপক্ষের বক্তব্য এবং সার্বিক বিবেচনায় আসামীপক্ষের ফৌজদারী কার্যবিধির ২৬৫(এইচ) ধারা মতে অত্র মামলা হতে খালাসের আবেদন মঞ্জুরক্রমে অত্র মামলার দায় হতে আসামী তাজরিম খানম গুভ, নব মুসলিম আব্দুল্লাহ, নাজমুল হাসান মামুন, আব্দুল্লাহ আইচান কবিরাজ, মোঃ কামরুল ইসলাম শাকিল, আকরাম হোসেন খান নিলয়, তারেক মোহাম্মদ আদনান, তানভীর ইয়াছির করিম, সাদিয়া হোসনা লাকী, আবুল কাশেম


“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”



ফকির, হুমায়রা জাকির নাবিলা কে বেকসুর খালাস প্রদান করা হল। বিধি মোতাবেক

জব্দকৃত মালামাল ফেরত প্রদান করা হোক এবং জব্দকৃত আলামত ধ্বংস করা হোক।

আমার কথিত মতে লিখিত ও টাইপকৃত।


০৬/০১/১৬
(মোঃ শাহিদুল ইসলাম)
অনুলিপি কারক
সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল ঢাকা

(স্বাঃ-মোহাম্মদ আবদুল হালিম)
তারিখঃ-০৫/০১/২০২৬ ইং
বিচারক (সিনিয়র জেলা ও দায়রা জজ)
সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ঢাকা।

তুলনাকৃত


০৬/০১/১৬
তুলনাকারক
সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল ঢাকা